যুগান্তর

তারিখ ... 07 OCT 2015 ..
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৩ ...

# আজ দেশব্যাপী ছাত্র ধর্মঘট

## মেডিকেল ভর্তি পরীক্ষা বাতিল দাবি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

মেডিকেল ভর্তি পরীক্ষা বাতিলের দাবিতে আজ সারা দেশে ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে প্রগতিশীল ছাত্রজোট। মঙ্গলবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সংবাদ সম্মেলনে জোটের সমন্বয়ক ইমরান হাবিব রুমন এ ঘোষণা দেন। এদিকে, আজ রাজধানীতে মহাসমাবেশ ও বিক্ষোভ কর্মসূচির ডাক দিয়েছে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের মেডিকেল ভর্তি পরীক্ষা বাতিল এবং আবার পরীক্ষা গ্রহণের দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীরা।

এর আগে প্রগতিশীল ছাত্রজোট দাবি মেনে নেয়ার জন্য ৬ অক্টোবর পর্যন্ত সরকারকে সময়সীমা বেঁধে দিয়েছিল। সরকারের পক্ষ থেকে এ বিষয়ে কোনো সাড়া না পাওয়ায় তারা এ ধর্মঘটের ঘোষণা দেন বলে জানান জোটের সমন্বয়ক ইমরান হাবিব রুমন। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক জিলানী শুভ, ছাত্র ফেডারেশনের (ছাত্র ঐক্য) সভাপতি লেলিন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ঢাবি শাখার সভাপতি রাশেদ শাহরিয়ার, ছাত্র ফেডারেশনের কেন্দ্রীয় সদস্য উম্মে হাবিবা বেনজির, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের কেন্দ্রীয় সদস্য নাঈমা খালেদ মনিকা, বিপ্লবী ছাত্রমৈত্রীর যুগ্ম আহ্বায়ক ইকবাল কবির প্রমুখ। সংবাদ সম্মেলনে জোটের পক্ষ থেকে বেশ কয়েকটি দাবি তুলে ধরা হয়। উল্লেখযোগ্য দাবিগুলো হল— প্রশ্ন ফাঁস বন্ধ, ফাঁস হওয়া প্রশ্নে অনুষ্ঠিত মেডিকেল ও ডেন্টালের ভর্তি পরীক্ষা পুনরায় গ্রহণ, প্রশ্ন ফাঁসের সঙ্গে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি, আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর পুলিশি নির্যাতনের বিচার।

সংবাদ সম্মেলনে ইমরান হাবিব বলেন, গত ১৮ সেপ্টেম্বর প্রশ্ন ফাঁস হওয়ার পর থেকে ভর্তিচ্ছু শিক্ষার্থী-অভিভাবকসহ বিভিন্ন প্রগতিশীল ছাত্র সংগঠন আন্দোলন চালিয়ে আসছে। আন্দোলনকারীদের ওপর পুলিশ হামলা চালিয়েছে। তবুও আন্দোলন থেমে থাকেনি। দাবি আদায় না হওয়া পর্যন্ত এ আন্দোলন অব্যাহত থাকবে। স্বাস্থ্যমন্ত্রীর মেডিকেলে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের আন্দোলনকে অযৌক্তিক বলার পরিপ্রেক্ষিতে ইমরান হাবিব বলেন, স্বাস্থ্যমন্ত্রী যে বক্তব্য দিয়েছেন, সেটি সম্পূর্ণ অপ্রাসঙ্গিক। প্রশ্ন ফাঁস হয়েছে, এটি আজ সবার কাছে পরিষ্কার। তিনি এ জাতীয় অযৌক্তিক বক্তব্য না দিয়ে একটি তদন্ত কমিটি গঠনের কথা বলতে পারতেন। তার বক্তব্যে জাতি হতাশ হয়েছে। আমরা এর নিন্দা জানাই এবং ঘৃণাভরে প্রত্যাখ্যান করছি। এছাড়া ইউজিসি কর্মকর্তা ওমর সিরাজকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলেও অভিযোগ করেন তিনি।

এদিকে, সরকারের পক্ষ থেকে কোনো সিদ্ধান্ত না আসায় আজ রাজধানীতে মহাসমাবেশ ও বিক্ষোভ কর্মসূচির ডাক দেয় মেডিকেল ভর্তিচ্ছুরা। মঙ্গলবার সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান নিয়ে এই কর্মসূচি ঘোষণা করে শিক্ষার্থীরা। পূর্বঘোষিত কর্মসূচি অনুযায়ী মঙ্গলবার আন্দোলনরত শিক্ষার্থীরা সকাল থেকে কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান কর্মসূচি পালন করে। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে শিক্ষার্থী ও অভিভাবকদের সংখ্যাও বাড়তে শুরু করে। তারা এ সময় আন্দোলনের পক্ষে নানা স্লোগান দিতে থাকেন।